গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং- ১৩.০৮.২৭৬৯.০০৩.৫৭.০২১.১১.৯৭৪ তারিখঃ- ২২/১০/২০২৪ খ্রি.।

# "খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"

খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারক পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ও খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমাল'২০২৪ মোতাবেক এবং উপজেলা খাদ্যবান্ধব কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুরের ২২/১০/২০২৪ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার ৯টি ইউনিয়নের মোট ২৩জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিতভাবে ও শর্তসাপেক্ষ্যে আগ্রহী ব্যক্তি খাদ্যশস্য(ফুড গ্রেইন লাইসেন্সধারী) ব্যবসায়ী সদস্য-সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নবাবগঞ্জ, দিনাজপুর বরাবরে আগামী ০৪/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র আহবান করা হলো।

## খাদ্যবান্ধব ডিলার নিয়োগযোগ্য কেন্দ্রের তালিকা:

| ক্র. নং | জেলা ও উপজেলার নাম | ইউনিয়নের নাম | কার্ড সংখ্যা | ইউনিয়নের নিয়োগযোগ্য ডিলার সংখ্যা | ইউনিয়নে বিতরণযোগ্য কেন্দ্রের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | দিনাজপুর নবাবগঞ্জ | ১নং জয়পুর ইউপি | ১১১২ | ১ | ভাগুলপুর বাজার | |
| ২ | | | | ১ | মনোহরপুর বাজার | |
| ৩ | | ২নং বিনোদনগর ইউপি | ১৬৪২ | ১ | রামপুর বাজার | |
| ৪ | | | | ১ | তাহেরগঞ্জ বাজার | |
| ৫ | | | | ১ | কাঁচদহ বাজার | |
| ৬ | | ৩নং গোলাপগঞ্জ ইউপি | ১৪৭৮ | ১ | সিতারকোর্ট বাজার | |
| ৭ | | | | ১ | হরিপুর বাজার | |
| ৮ | | | | ১ | রঘুনাথপুর বাজার | |
| ৯ | | ৪নং শালখুরিয়া ইউপি | ৫৭১ | ১ | শালখুরিয়া বাজার | |
| ১০ | | | | ১ | তিখুর বাজার | |
| ১১ | | ৫নং পুটিমারা ইউপি | ৮৫০ | ১ | দলারদর্গা বাজার | |
| ১২ | | | | ১ | চড়ারহাট বাজার | |
| ১৩ | | ৬নং ভাদুরিয়া ইউপি | ১২৫৪ | ১ | ভাদুরিয়া বাজার | |
| ১৪ | | | | ১ | পলাশবাড়ী বাজার | |
| ১৫ | | ৭নং দাউদপুর ইউপি | ১৪৫০ | ১ | দাউদপুর বাজার | |
| ১৬ | | | | ১ | সিটিরমোড়, দাউদপুর বাজার | |
| ১৭ | | | | ১ | দোমাইল বাজার | |
| ১৮ | | ৮নং মাহমুদপুর ইউপি | ১৩৪৮ | ১ | মোগড়পাড়া বাজার | |
| ১৯ | | | | ১ | মহারাজপুর বাজার | |
| ২০ | | | | ১ | দারিয়া বাজার | |
| ২১ | | ৯নং কুশদহ ইউপি | ১৪৫০ | ১ | আফতাবগঞ্জ বাজর | |
| ২২ | | | | ১ | হিলিরডাঙ্গা বাজার | |
| ২৩ | | | | ১ | কচুয়া বাজার | |
| | | মোট= | ১১১৫৫ | ২৩জন | | |

শর্তাবলী:-

১। আগ্রহী ব্যক্তিকে নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে;
২। আবেদনকারীর ইউনিয়নে নির্ধারিত কেন্দ্রে বড়হাট/বাজারে নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে;
৩। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষনের উপযোগী হতে হবে;
৪। আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনেরো) মে.টন খাদ্যশস্য সংরক্ষনের সুব্যবস্থা থাকতে হবে;
৫। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষনে সক্ষম হতে হবে ও আবেদনকারীর খুচরা/পাইকারী ফুড গ্রেইন লাইসেন্স এবং সংশ্লিষ্ট ইউনিয়নের ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না;
৭। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না;
৮। কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;

চলমান পাতা/০২

৯। কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে প্রদান করতে হবে এবং ডিলারের নিকট হতে নির্ধারিত শর্তাবলী ৩০০/-(তিনশত) টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা(পরিশিষ্ট-খ) প্রদান করতে হবে;

১০। আবেদনকারীর বয়সসীমা সর্বনিম্ন ১৮ বৎসর হতে হবে;

১১। সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে;

১২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি প্রদান করতে হবে;

১৩) চেয়ারম্যান কর্তৃক চরিত্রগত নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে;

১৪। প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র মুখবন্ধ খামে সীল গালা অবস্থায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, নবাবগঞ্জ, দিনাজপুরে স্থাপিত বাক্সে ০৪/১১/২০২৪খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দাখিল করতে হবে; এবং নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৫) খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুসরণ করা হবে;

উল্লেখ্য যে, উপরে বর্ণিত চাহিত সকল কাগজপত্রাদি ১ম শ্রেণীর কর্মকর্তার কর্তৃক সত্যায়নপূর্বক প্রদান করতে হবে।

২২/১০/২০২৪

**(মো. মোফাখ খারুল ইসলাম)**
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি,
নবাবগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-১৩.০৮.২৭৬৯.০০৩.৫৭.০২১.১১.৯৭৪ তারিখ:-২২/১০/২০২৪ খ্রি.।

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুর।
৪। উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুর।
৫। উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুর।
৬। উপজেলা পরিসংখ্যান অফিসার ও সদস্য, উপজেলা উপজেলা খাদ্যবান্ধব কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুর।
৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সদস্য, উপজেলা উপজেলা খাদ্যবান্ধব কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুর।
৮। সভাপতি, প্রেস ক্লাব ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, নবাবগঞ্জ, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯। চেয়ারম্যান, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, (সকল) ইউপি, নবাবগঞ্জ, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দাউদপুর এলএসডি/ভাদুরিয়া এলএসডি, নবাবগঞ্জ, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। নোটিশ বোর্ড।
১২। ওয়েবপোর্টাল।
১৩। অফিস নথি।

২২/১০/২০২৪

(মো. মোফাখ খারুল ইসলাম)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নবাবগঞ্জ, দিনাজপুর।